



নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে জাতীয় শিক্ষা ও উদ্ভাবন সংলাপে শিক্ষা উপদেষ্টা ওয়াহিদউদ্দিন মাহমুদ, বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান এসএমএ ফায়েজ, নর্থ সাউথের উপাচার্য অধ্যাপক ড. আব্দুল হান্নান চৌধুরী, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সৈয়দ ফারহাত আনোয়ার

এনএসইউতে এডুকেশন অ্যান্ড ইনোভেশন সংলাপ অনুষ্ঠিত

যুগান্তর প্রতিবেদন

বাংলাদেশের শিক্ষা ও উদ্ভাবন খাতে পরিবর্তনের লক্ষ্য নিয়ে ন্যাশনাল এডুকেশন অ্যান্ড ইনোভেশন সংলাপ-২০২৫ অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বাংলাদেশ ব্র্যান্ড ফোরাম এবং নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের (এনএসইউ) সৌজন্যে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এই সম্মেলনের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয় ও পরিকল্পনা উপদেষ্টা অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান, অধ্যাপক এসএমএ ফায়েজ।

শিক্ষা ব্যবস্থার পুনর্গঠনে উদ্ভাবনী দক্ষতার অন্তর্ভুক্তি এবং আধুনিক শিক্ষা নীতি কার্যকর করতে প্রয়োজনীয় আলোচনাই ছিল সংলাপের মূল উদ্দেশ্য। পাঁচটি প্যানেল আলোচনা এবং একটি প্ল্যানেটারি সেশনের সমন্বয়ে অনুষ্ঠিত ডায়ালগে বাংলাদেশের শিক্ষা খাতে প্রযুক্তি, বিশেষত কৃত্রিম বুদ্ধিমত্তার গুরুত্ব তুলে ধরা হয়।